

**U.G. 2nd Semester Examination - 2021****BENGALI  
[HONOURS]****Course Code : BBNGCCHT202****Course Title : ভাষাতত্ত্ব**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$
- ক) বাংলা ভাষার কোন্ ধ্বনিটি বাংলা বর্ণমালায় নেই?
- খ) বাংলা ভাষা পৃথিবীর কোন্ ভাষাবংশের অন্তর্গত?
- গ) 'মীরজাফর' কোন্ শব্দার্থ পরিবর্তনের উদাহরণ?
- ঘ) 'অরবিন্দ ঘোষ'-এর IPA তে লিপ্যন্তর করো।
- ঙ) অর্ধ তৎসম শব্দের দুটি দৃষ্টান্ত দাও।
- চ) 'ও' কী জাতীয় স্বরধ্বনি লেখো।
- ছ) পেচক > পেঁচা কী জাতীয় ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
- জ) উপভাষার সংজ্ঞা দাও।
- ঝ) জোড়কলম শব্দ কাকে বলে?

- ঞ) বাংলা ভাষায় ব্যঞ্জনধ্বনির মোট সংখ্যা কয়টি?
- ট) অর্ধস্বর কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।
- ঠ) প্রয়োজক ধাতু কাকে বলে? উদাহরণ দাও।
- ড) নিত্যবৃত্ত বর্তমান কালের একটি উদাহরণ দাও।
- ঢ) ভারতচন্দ্র রায়ের 'অন্নদামঙ্গল' কাব্যে বাংলা ভাষার কোন্ নিদর্শন পাওয়া যায়?
- ণ) বাংলা ভাষায় ব্যবহৃত অস্তিক ভাষা বংশগত দুটি শব্দ উল্লেখ করো।

- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$
- ক) আগন্তুক শব্দের দৃষ্টান্ত দাও।
- খ) ধ্বনি পরিবর্তনের প্রধান ধারাগুলির নাম লেখো।
- গ) বাংলা ভাষায় দ্বিমাত্রিকতা বলতে কী বোঝ? একটি উদাহরণ দাও।
- ঘ) ফুসফুস নিজে কোনো ধ্বনি উচ্চারণ না করলেও ফুসফুসকে বাগ্‌যন্ত্রের অন্তর্ভুক্ত করা হয়েছে কেন লেখো।
- ঙ) সাধুভাষা কাকে বলে? ভাষার এরকম নামকরণের কারণটি বুঝিয়ে দাও।
- চ) স্বরসঙ্গতির সংজ্ঞা দাও।
- ছ) অর্থ সংশ্লেষ বা অর্থ সংক্রমণ কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।
- জ) শব্দ ও ধাতুর পার্থক্য কী? শব্দ বা ধাতু কীভাবে পদ হয়ে ওঠে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$

- ক) বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।
- খ) ধ্বনি পরিবর্তনের খারায় ধ্বনির আগমন বিষয়ে আলোচনা করো।
- গ) ক্রিয়ার প্রকার (Aspect) কাকে বলে? উদাহরণসহ ক্রিয়ার প্রকারগুলি আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$

- ক) বাংলা মৌলিক স্বরধ্বনির সচিত্র পরিচয় দাও।  $10$
- খ) প্রাচীন বাংলা ভাষার সময়কাল ও নিদর্শন উল্লেখ করে প্রাচীন বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো।  $2+8$
- গ) বাগ্যন্ত্রের গঠন ও কার্যপ্রণালী চিত্রসহ আলোচনা করো।  $10$